C:\Users\Hasib\Desktop\Hatbazar-Reco.1.doc

"উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
গোদাগাড়ী, রাজশাহী
http://godagari.rajshahi.gov.bd

স্মারক নং- ০৫.৪৩.৮১.৩৪.০০০.০৪.০৫৬.১৮-৩৫

তারিখ: ০৯ মাঘ ১৪২৫ বঙ্গাব্দ
২২ জানুয়ারি ২০১৯ খ্রিস্টাব্দ

## হাট-বাজার ইজারা বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গোদাগাড়ী উপজেলা পরিষদের ব্যবস্থাপনাধীন নিম্ন-বর্ণিত হাটসমূহ বাংলা ১৪২৬ সনের ১লা বৈশাখ হতে ৩০শে চৈত্র পর্যন্ত এক বছর মেয়াদে সম্পূর্ণ অস্থায়ীভাবে ইজারা বন্দোবস্ত দেয়া হবে। ইচ্ছুক দরদাতাগণ নিম্ন-স্বাক্ষরকারীর কার্যালয়, সহকারী কমিশনার (ভূমি), গোদাগাড়ী, রাজশাহীর কার্যালয়, সোনালী ব্যাংক, গোদাগাড়ী শাখা, অফিসার ইনচার্জ, গোদাগাড়ী মডেল থানা, গোদাগাড়ী এবং জেলা প্রশাসক, রাজশাহী মহোদয়ের কার্যালয়ের স্থানীয় সরকার শাখা হতে প্রতিটি হাটের জন্য বিস্তারিত শর্ত সংবলিত প্রতিসেট সিডিউল নির্ধারিত মূল্যে (অফেরতযোগ্য) নিম্ন তফসিলের ০৬ (ছয়) নং কলামে বর্ণিত তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে ক্রয় করতে পারবেন। দরপত্রসমূহ ০৭ নং কলামে বর্ণিত তারিখে দুপুর ১.০০ টা পর্যন্ত নিম্ন-স্বাক্ষরকারীর কার্যালয়, সহকারী কমিশনার (ভূমি), গোদাগাড়ীর কার্যালয় ও জেলা প্রশাসক, রাজশাহী মহোদয়ের কার্যালয়ের রক্ষিত দরপত্র গ্রহণ বাক্সে গ্রহণ করা হবে এবং ঐ দিনই দুপুর ২.০০ টায় উপস্থিত দরদাতাগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে। কাঙ্খিত দর পাওয়া না গেলে তফসিলের ০৬ ও ০৭ নং কলামে বর্ণিত তারিখসমূহে পর্যায়ক্রমে ক্যালেন্ডারের এবং উল্লিখিত স্থান ও সময়সূচি মতে দরপত্র কার্যক্রম অব্যাহত থাকবে।

### তফসিল (১৪২৬ বাংলা সনের হাট ইজারার ক্যালেন্ডার)

| ক্রমিক নং | হাটের নাম | ইউনিয়নের নাম | বিগত তিন বছরের গড় ইজারা মূল্য (৬% বৃদ্ধিসহ) | সিডিউল মূল্য | সিডিউল বিক্রয়ের শেষ তারিখ (অফিস চলাকালীন) | দরপত্র দাখিলের তারিখ (সকাল ৯টা হতে ১ টা পর্যন্ত) |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ০১. | রাজাবাড়ী তোহা ও পশু হাট | দেওপাড়া | ৯,৯১,১৮৯/- | ২,৬০০/- | ১ম বার ০৩/০৩/১৯<br>২য় বার ১০/০৩/১৯<br>৩য় বার ২০/০৩/১৯<br>৪র্থ বার ২৭/০৩/১৯<br>৫ম বার ০৩/০৪/১৯<br>৬ষ্ঠ বার ১০/০৪/১৯<br>৭ম বার ১৭/০৪/১৯<br>৮ম বার ২৯/০৪/১৯ | ১ম বার ০৪/০৩/১৯<br>২য় বার ১১/০৩/১৯<br>৩য় বার ২১/০৩/১৯<br>৪র্থ বার ২৮/০৩/১৯<br>৫ম বার ০৪/০৪/১৯<br>৬ষ্ঠ বার ১১/০৪/১৯<br>৭ম বার ১৮/০৪/১৯<br>৮ম বার ৩০/০৪/১৯ |
| ০২. | কদমশহর তোহা ও পশু হাট | দেওপাড়া | ৬৬,৪২৭/- | ৫০০/- | | |
| ০৩. | বাসুদেবপুর হাট | বাসুদেবপুর | ১,০০,৫৬৯/- | ১,০০০/- | | |
| ০৪. | বালিয়াঘাট্টা হাট | বাসুদেবপুর | ৮৯,৭৫৫/- | ৫০০/- | | |
| ০৫. | বিদিরপুর হাট | মাটিকাটা | ৩,৫৬,৯০২/- | ১,৪০০/- | | |
| ০৬. | গোগ্রাম হাট | গোগ্রাম | ৮৭,২৮১/- | ৫০০/- | | |

০১। বাংলা ১৪২৬ সনের ১লা বৈশাখ হতে বাংলা ১৪২৬ সনের ৩০ শে চৈত্র ০১(এক) বছর মেয়াদকালের জন্য হাট-বাজার ইজারা দেয়া হবে।

০২। দরপত্রদাতাকে দরপত্রের সাথে দরপত্রে উল্লিখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসেবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, গোদাগাড়ী, রাজশাহী এর অনুকূলে জমা দিতে হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিস্কার না করলে বা অন্য কোন ক্ষতিসাধন করলে উক্ত জামানত হতে তা মেটানো হবে।

০৩। যার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% (শতকরা পঁচাত্তর ভাগ) অর্থ, দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ৫% আয়কর এবং ১৫% ভ্যাট (মূল্য সংযোজন কর) অবশ্যই একই সঙ্গে সরকারের সংশ্লিষ্ট কোষাগারে জমা প্রদান করতে হবে। অন্যথায় বাজারের জন্য জমাদানকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

০৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের পূর্ববর্তী ০৩ (তিন) বছরের গড় ইজারা মূল্য (সরকারি ভাগ) হতে কম হয় তাহলে পুনরায় দরপত্র আহ্বান করা হবে। দ্বিতীয়বার দরপত্র আহ্বান করা সত্ত্বেও যদি প্রাপ্ত দর পূর্ববর্তী তিন বছরের গড় ইজারা মূল্য হতে কম হয় তাহলে ইজারা প্রদানের প্রদানের কার্যক্রম কাঙ্খিত ইজারা মূল্য না পাওয়া পর্যন্ত অব্যাহত থাকবে।

০৫। এক বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক বাজারের জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় অন্তর্ভূক্ত বাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না।

০৬। খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টাকারে উল্লেখ করতে হবে।

০৭। সরকার অনুমোদিত টোল রেইট মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারের দৃশ্যমান একাধিক স্থানে টোল রেইট চার্ট টাঙ্গিয়ে প্রচার করবেন।

০৮। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

০৯। ইজারাদার কোনক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লিজ দিতে পারবেন না। যদি অনুরূপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তিপত্রের শর্ত লংঘন করা হয় তাহলে ইজারা বাতিল বলে গণ্য হবে।

১০। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক নিজ খরচে দ্বিপাক্ষিক ইজারা চুক্তিনামা সম্পাদন করতে হবে।

১১। দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১২। ইজারাদার নিজ খরচে বাজার পরিস্কার-পরিচ্ছন্ন রাখবে।

১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন।

১৪। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী জমাকৃত অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

১৫। হাট-বাজারের ইজারার টাকা সরকারি দাবি আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা হবে।

১৬। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতীরেকে যে কোন দরপত্র গ্রহণ, বাতিল বা দরপত্র বহাল রেখে পুনঃদরপত্র আহ্বান করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৭। ইজারা বিজ্ঞপ্তিটি godagari.rajshahi.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।

(মোঃ শিমুল আকতার)
উপজেলা নির্বাহী অফিসার
টেলিফোন: ০২৪৭৮-৫৬০০৭ (অফিস)
ই-মেইল: unogodagari@mopa.gov.bd

চলমান পাতা-২ দ্রঃ

"উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র"



স্মারক নং- ০৫.৪৩.৮১.৩৪.০০০.০৪.০৫৬.১৮-৩৫(১০০)

তারিখ: ০৯ মাঘ ১৪২৫ বঙ্গাব্দ
২২ জানুয়ারি ২০১৯ খ্রিস্টাব্দ

**অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো ঃ**

১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।

৩। পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী বিভাগ, রাজশাহী।

৪। জেলা প্রশাসক, রাজশাহী।

৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, রাজশাহী।

৬। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) / (রাজস্ব) / শিক্ষা ও আইসিটি, রাজশাহী।

৭। উপজেলা পরিষদ চেয়ারম্যান, গোদাগাড়ী, রাজশাহী।

**অনুলিপি সদয় অবগতি ও ব্যাপক প্রচারের জন্য প্রেরণ করা হলো ঃ**

৮। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী। তাঁকে নির্ধারিত তারিখে সিডিউল বিক্রয় এবং দরপত্র গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

৯। উপজেলা নির্বাহী অফিসার, ................................ (সকল), রাজশাহী।

১০। মেয়র,......................................পৌরসভা, রাজশাহী।

১১। সহকারী কমিশনার (ভূমি), গোদাগাড়ী, রাজশাহী। তাঁকে ধার্য তারিখসমূহে সিডিউল বিক্রয় ও দরপত্র বাক্সে সংরক্ষণ এবং দাখিলকৃত দরপত্রসমূহ উপস্থিত দরদাতাদের সম্মুখে খুলে তুলনামূলক বিবরণী প্রস্তুতপূর্বক অত্রাফিসে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

১২। উপজেলা....................................অফিসার, গোদাগাড়ী, রাজশাহী। তাঁকে হাট-ইজারা বিজ্ঞপ্তিটি তাঁর কার্যালয়ের নোটিশ বোর্ডে টাঙ্গিয়ে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।

১৩। অফিসার ইনচার্জ, গোদাগাড়ী মডেল থানা, গোদাগাড়ী, রাজশাহী। তাঁকে ধার্য তারিখসমূহে সিডিউল বিক্রয় ও দরপত্র বাক্সে সংরক্ষণ এবং দাখিলকৃত দরপত্রসমূহ উপস্থিত দরদাতাদের সম্মুখে খুলে তুলনামুলক বিবরণী প্রস্তুতপূর্বক অত্রাফিসে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

১৪। সাব-রেজিস্টার, গোদাগাড়ী, রাজশাহী।

১৫। চেয়ারম্যান, গোদাগাড়ী/মোহনপুর/পাকড়ী/রিশিকুল/গোগ্রাম/মাটিকাটা/দেওপাড়া/বাসুদেবপুর/চরআষাড়িয়াদহ ইউপি, গোদাগাড়ী, রাজশাহী। তাঁকে হাট ইজারা বিজ্ঞপ্তিটি তাঁর ইউনিয়নে ব্যাপক জারী অন্তে প্রতিবেদন এ কার্যালয়ে দাখিলের জন্য অনুরোধ করা হলো।

১৬। পোস্ট মাস্টার, গোদাগাড়ী প্রধান ডাকঘর, গোদাগাড়ী, রাজশাহী।

১৭। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, গোদাগাড়ী/বাসুদেবপুর/বড়গাছী/কাঁকনহাট/রাজাবাড়ী ইউনিয়ন ভূমি অফিস, গোদাগাড়ী, রাজশাহী। তাকে হাট ইজারা বিজ্ঞপ্তিটি ঢোল সহরতের মাধ্যমে ব্যাপক প্রচারের জন্য এবং জারীর প্রতিবেদন নির্ধারিত তারিখের পূর্বেই এ কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

১৮। সম্পাদক.......................................................................................। তাঁকে একদিনের জন্য তার সংবাদপত্রের ভেতরের পাতায় হাট ইজারা বিজ্ঞপ্তিটি স্বল্প পরিসরে (৬″× ৩″ কলাম) প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো এবং প্রকাশিত সংবাদপত্রের ০২ (দুই) টি কপিসহ বিল এ কার্যালয়ে দাখিলের জন্য অনুরোধ করা হলো।

১৯। জনাব ............................................................................................................................ গোদাগাড়ী, রাজশাহী।

২০। নোটিশ বোর্ড।

২১। অফিস নথি।

(মোঃ শিমুল আকতার)
উপজেলা নির্বাহী অফিসার
গোদাগাড়ী, রাজশাহী